

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

www.ashuganj.brahmanbaria.gov.bd

স্মারক নম্বর-০৫.৪২.১২৩৩.০০১.০২.০৩৩.১৭- ২০১৭

তারিখ : ১৫/১১/২০১৭ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক ০৪ মে ২০১৫ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী আশুগঞ্জ উপজেলার আশুগঞ্জ, চরচারতলা, আড়াইসিধা, দুর্গাপুর, তালশহর(পশ্চিম), শরীফপুর, লালপুর ও তারুয়া ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে মহল্লাদার পদে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত স্ব স্ব ইউনিয়নের স্থায়ী নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নম্বর	পদ সংখ্যা	বয়স	বেতন	নিয়োগের ক্ষেত্রে শারিরিক যোগ্যতা
০১	মহল্লাদার	আশুগঞ্জ	৮	১	১৮-	৩,০০০/- (তিন হাজার) টাকা	পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি বুকের মাপ-৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ সর্বনিম্ন ওজন- ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা-৫ ফুট, বুকের মাপ-২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন - ৪৫ কেজি।
০২	মহল্লাদার	চরচারতলা	৫	১	৩০		
০৩	মহল্লাদার	দুর্গাপুর	২, ৩, ৬, ৮, ৯	৫			
০৪	মহল্লাদার	আড়াইসিধা	৬	১			
০৫	মহল্লাদার	তালশহর(পঃ)	৭, ৮, ৯	৩			
০৬	মহল্লাদার	শরীফপুর	১, ৪, ৯	৩			
০৭	মহল্লাদার	লালপুর	২	১			
০৮	মহল্লাদার	তারুয়া	২	১			

নিয়োগের শর্তাবলী :

০১. প্রার্থীকে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
০২. প্রার্থীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং স্থায়ী বাসিন্দা হতে হবে। (তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের নাগরিকদেও অগ্রাধিকার দেওয়া হবে)
০৩. উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ সম্বোধন করে দরখাস্ত করতে হবে এবং খামের উপর পদের নাম ও নিজ ইউনিয়নের নাম লিখতে হবে।
০৪. আবেদনপত্রের সাথে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ এর সত্যায়িত ফটোকপি এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল কপি সংযুক্ত করতে হবে।
০৫. লিখিত ও মৌখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৬. লিখিত ও মৌখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে নিজ ঠিকানা সম্বলিত ৪'X১০' ইঞ্চি সাইজের ১০ (দশ) টাকার ডাকটিকিটসহ ০১ টি খাম সংযুক্ত করতে হবে।
০৭. আবেদনপত্র স্বহস্তে লিখতে হবে এবং ৩০ নভেম্বর ২০১৭ খ্রি. তারিখ অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে।
০৮. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, বিলম্বে প্রাপ্ত আবেদন এবং আবেদনপত্রসমূহে যেকোন ধরনের সুপারিশ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৯. আবেদনকারীর বয়স ৩০ নভেম্বর ২০১৭ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে।
১০. আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত যেমন, (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ইউনিয়ন এবং ওয়ার্ডের নাম, (জ) ৩০/১১/২০১৭ তারিখে বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) ধর্ম, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে), (ড) কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে।
১১. মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদারের পুত্র, কন্যা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।
১২. কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে।
১৩. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ আমিরুল কায়ছার
উপজেলা নির্বাহী অফিসার
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

ফোন- ০৮৫২৮-৭৪৫২২
www.ashuganj@mopa.gov.bd

অনুলিপি :

০১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
০২. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ।
০৪. চেয়ারম্যান-----ইউনিয়ন পরিষদ, আশুগঞ্জ (বহুল প্রচারের অনুরোধসহ)।
০৫. নোটিশ বোর্ড এ কার্যালয়।
০৬. অফিস কপি।